রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৭, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৩শে অগ্রহায়ণ ১৪০২/৭ই ডিসেম্বর ১৯৯৫।

এস, আর, ও নং ২১৩-আইন/৯৫।—The Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর Article 91Bতে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নিম্নরূপ আচরণ বিধিমালা (Code of Conduct) প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই আচরণ বিধিমালা জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য অনুসরণীয় আচরণ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই আচরণ বিধিমালায়—

(ক) "নির্বাচন-পূর্ব সময়" বলিতে নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ হইতে নির্বাচনের ফলাফল ঘোষণার তারিখ পর্যন্ত সময়কে বুঝাইবে;

(খ) "প্রার্থী" বলিতে কোন নির্বাচনী এলাকা হইতে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি অথবা স্বতন্ত্রভাবে প্রতিদ্বন্দ্বিতাকারী ব্যক্তিকে বুঝাইবে;

(গ) "রাজনৈতিক দল" বলিতে এমন একটি অধিসংঘ বা ব্যক্তিসমষ্টি অন্তর্ভুক্ত, যে অধিসংঘ বা ব্যক্তিসমষ্টি সংসদের অভ্যন্তরে বা বাহিরে স্বাতন্ত্র্যসূচক কোন নামে কার্য করেন এবং কোন রাজনৈতিক মত প্রচারের বা কোন রাজনৈতিক তৎপরতা পরিচালনার উদ্দেশ্যে অন্যান্য অধিসংঘ হইতে পৃথক কোন অধিসংঘ হিসাবে নিজদিগকে প্রকাশ করেন।

মূল্য: টাকা ২.০০

৩। **কোন প্রতিষ্ঠানে চাঁদা, অনুদান ইত্যাদি নিষিদ্ধ।**—নির্বাচনী তফসিল ঘোষণার পর হইতে ভোট গ্রহণের দিন পর্যন্ত কোন প্রার্থী কিংবা তাঁহার পক্ষ হইতে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার কোন শিক্ষা প্রতিষ্ঠান বা অন্য কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান বা প্রদানের অংগীকার করা যাইবে না অথবা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় কোন প্রকার উন্নয়ন প্রকল্প গ্রহণের অংগীকার করা যাইবে না। তবে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সার্বিক উন্নয়ন পরিকল্পনা পেশ করা যাইবে।

৪। **ডাক বাংলো, রেস্ট হাউস ইত্যাদির ব্যবহার।**—সরকারী ডাক বাংলো, রেস্ট হাউস ও সার্কিট হাউস ব্যবহারের ক্ষেত্রে সকল দল ও প্রার্থীকে সম-অধিকার প্রদান করিতে হইবে। তবে নির্বাচন পরিচালনার কাজে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সরকারী ডাক বাংলো, রেস্ট হাউস ও সার্কিট হাউস ব্যবহারের অগ্রাধিকার পাইবেন।

৫। **নির্বাচনী প্রচারণা।**—রাজনৈতিক দল ও প্রার্থী নির্বিশেষে প্রচারণার ক্ষেত্রে সমান অধিকার থাকিবে। কোন প্রতিপক্ষের সভা, শোভাযাত্রা এবং অন্যবিধ প্রচারাভিযান পণ্ড করা বা উহাতে বাধা প্রদান করা যাইবে না।

(২) কোন প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দল বা প্রার্থীর পক্ষে আয়োজিত জনসভা বা মিছিলের দিন, সময় ও স্থান সম্পর্কে পূর্বেই উহার স্ব স্ব ক্ষেত্রমত তাঁহার প্রতিপক্ষকে অবহিত করিতে হইবে।

(৩) নির্বাচনের তফসিল ঘোষণার পর কোন মন্ত্রী নির্বাচনী কাজে সরকারী প্রচার যন্ত্রের ব্যবহার, সরকারী কর্মকর্তা বা কর্মচারীগণকে ব্যবহার বা সরকারী যানবাহন ব্যবহার করিতে পারিবেন না, এবং মন্ত্রী হিসাবে কোন সরকারী সুযোগ-সুবিধা ব্যবহার করা হইতে বিরত থাকিবেন।

(৪) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোস্টার, লিফলেট ও হ্যান্ডবিলের উপর অন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পোস্টার, লিফলেট ও হ্যান্ডবিল ইত্যাদি লাগানো যাইবে না।

(৫) কোন সড়কে কিংবা জনগণের চলাচল ও সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাইবে না। নির্বাচনী ক্যাম্প যথাসাধ্য অনাড়ম্বর হইতে হইবে। নির্বাচনী ক্যাম্পে ভোটারগণকে কোন রূপ খাদ্য বা পানীয় পরিবেশন করা যাইবে না।

(৬) সরকারী ডাক বাংলো, রেস্ট হাউস, সার্কিট হাউস ও কোন সরকারী কার্যালয়কে কোন রাজনৈতিক দল বা প্রার্থীর প্রচারের স্থান হিসাবে ব্যবহার করা যাইবে না।

(৭) নির্বাচনী প্রচারণায় ব্যবহৃতব্য পোস্টার দেশী কাগজে সাদা-কাল রঙের হইতে হইবে এবং উহার আয়তন কোন অবস্থাতেই ১২"×১০" এর অধিক হইতে পারিবে না।

(৮) কোন নির্বাচনী এলাকায় কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী একই সাথে তিনটি মাইকের বেশী ব্যবহার করিতে পারিবেন না এবং উক্ত মাইকের ব্যবহার দুপুর ২ ঘটিকা হইতে রাত ৮ ঘটিকার মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(৯) নির্বাচন উপলক্ষে কোন নাগরিকের জমি, ভবন বা অন্য কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোন রূপ ক্ষতিসাধন করা যাইবে না এবং অনভিপ্রেত গোলযোগ ও উচ্ছৃংখল আচরণ দ্বারা কাহারও শান্তি ভংগ করা যাইবে না।

(১০) নির্বাচনী প্রচারণা হিসাবে সকল প্রকার দেয়াল লিখন হইতে সকলকে বিরত থাকিতে হইবে।

(১১) নির্বাচনে শান্তি-শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে ভোট কেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালানো এবং আগ্নেয়াস্ত্র বা বিস্ফোরক দ্রব্য বহন করা যাইবে না। কোন সরকারী কর্মকর্তা কিংবা স্থানীয় প্রভাবশালী ব্যক্তি কোন নির্বাচনী কার্যক্রমে অবৈধ হস্তক্ষেপ করিতে পারিবেন না।

(১২) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে ট্রাক, বাস কিংবা অন্য কোন যানবাহন মিছিল কিংবা মশাল মিছিল বাহির করা যাইবে না।

৬। নির্বাচন প্রভাবমুক্ত রাখা।—অর্থ, অস্ত্র, পেশীশক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা নির্বাচনকে কলুষিত ও প্রভাবিত করা যাইবে না।

৭। ভোটকেন্দ্রে প্রবেশাধিকার।—ভোটকেন্দ্রে নির্বাচনী কর্মকর্তা-কর্মচারী এবং কেবল ভোটারদেরই প্রবেশাধিকার থাকিবে। কোন রাজনৈতিক দলের বা প্রতিদ্বন্দ্বী প্রার্থীর কর্মীগণ ভোট কেন্দ্রের অভ্যন্তরে ঘোরাফেরা করিতে পারিবেন না। কেবল পোলিং এজেন্টগণ তাঁহাদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকিয়া তাঁহাদের নির্দিষ্ট দায়িত্ব পালন করিয়া যাইবেন।

৮। নির্বাচন-পূর্ব অনিয়ম।—এই বিধিমালার যে কোন বিধানের লঙ্ঘন নির্বাচন-পূর্ব অনিয়ম হিসাবে গণ্য হইবে এবং উক্তরূপ অনিয়মের দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা রাজনৈতিক দল প্রতিকার চাহিয়া ইলেকটোরাল ইনকুয়ারী কমিটি বা নির্বাচন কমিশনের বরাবরে আর্জি পেশ করিতে পারিবেন। নির্বাচন কমিশনের বরাবরে পেশকৃত আর্জি কমিশনের বিবেচনায় বস্তুনিষ্ঠ হইলে কমিশন তদন্তের জন্য উহা সংশ্লিষ্ট বা যে কোন ইলেকটোরাল ইনকুয়ারী কমিটির নিকট প্রেরণ করিবে। উভয় ক্ষেত্রে ইলেকটোরাল ইনকুয়ারী কমিটি The Representation of the People Order, 1972 (P. O. No. 155 of 1972) এর Article 91A এর বিধান মোতাবেক তদন্ত কার্য পরিচালনা করিয়া কমিশনের বরাবরে সুপারিশ প্রদান করিবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

মোঃ ইরশাদুল হক
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।